

চমকে চমকে ধীর ভীৰু পায়  
পল্লী-বালিকা বন -পথে যায়!  
একেলা বন-পথে যায় ॥  
শাড়ি তার কাঁটা-লতায়  
জড়িয়ে জড়িয়ে যায়,  
পাগল হাওয়াতে অশ্লল লয়ে মাতে  
যেন তার তনুর পরশ চায়।  
একেলা বন-পথে যায় ॥  
শিরীষের পাতায় নুপুর  
বাজে তার ঝুমুর ঝুমুর,  
কুসুম ঝরিয়া মরিতে চাহে তার কবরীতে,  
পাখি গায় পাতার ঝরোকায়।  
একেলা বন-পথে যায় ॥  
চাহি তার নীল নয়নে  
হরিণী লুকায় বনে,  
হাতে তার কাঁকন হতে মাধবীলতা কাঁদে  
ভ্রমরা কুম্ভলে লুকায়।  
একেলা বন পথে যায় ॥